



Reg. No.Dha-0462

বাংলাদেশ মহিলা পরিষদ

BANGLADESH MAHILA PARISHAD

SUFIA KAMAL BHABAN

10/B/1, SEGUN BAGICHA, DHAKA-1000

Phone 9582182, Fax 9563529, website: www.mahilaparishad.org

E-mail: info@mahilaparishad.org, mparishad@gmail.com

NGOs in consultative status with the Economic and Social Council [ECOSOC] of the United Nations

তারিখ: ১৮.০১.২০২৩

বরাবর

বার্তা সম্পাদক সমীপে

দৈনিক পত্রিকা/টেলিভিশন চ্যানেল

সংবাদ প্রকাশ/ প্রচারার্থে।

বিষয়: পাবনা জেলার বেড়া উপজেলার কলেজে যাওয়ার পথে বখাটের মারধরের শিকার হয়ে লজ্জায় কলেজছাত্রীর আত্মহত্যার ঘটনায় গভীর উদ্বেগ প্রকাশ করে জড়িতকে দ্রুত গ্রেফতারসহ যথাযথ শাস্তির দাবিতে বাংলাদেশ মহিলা পরিষদের বিবৃতি।

অদ্য ১৮ জানুয়ারি ২০২৩ তারিখ দৈনিক বিভিন্ন পত্রিকায় প্রকাশিত সংবাদে জানা যায় যে- পাবনা জেলার বেড়া উপজেলার কলেজে যাওয়ার পথে বখাটের মারধরের শিকার হয়ে লজ্জায় ও ঘৃণায় কলেজছাত্রীর আত্মহত্যার ঘটনা ঘটেছে। জানা যায়, প্রতি দিনের মতই ঘটনার শিকার ওই ছাত্রী কলেজে যাওয়ার জন্য বাড়ি থেকে বের হয়। একই মহল্লার দুই সহপাঠীও (ছাত্রী) তাঁর সঙ্গে ছিল। কলেজের কাছে পৌঁছানোর পর হঠাৎই আশিক হোসেন (২০) তাঁদের পথ রোধ করে দাঁড়ায়। এ সময় ওই ছাত্রী দৌড়ে পালানোর চেষ্টা করলেও আশিক তাঁকে জোরপূর্বক রিকশায় তুলে নিয়ে যায়। পরে বেলা ১২টার দিকে কলেজের ছাত্র-ছাত্রীরা বাইরে এসে দেখে, তাদের সহপাঠী রক্তাক্ত অবস্থায় দাঁড়িয়ে কাঁদছে। এ সময় বেশ কিছুটা দূরে আশিক দাঁড়িয়ে ছিল। পরে সহপাঠীরা তাকে বাড়ি নিয়ে গেলে ঘটনার শিকার ছাত্রী জানায়, আশিক তাঁকে বেদম মারধর করে রক্তাক্ত করেছে। একপর্যায়ে ঘটনার শিকার ওই ছাত্রী ঘরে ঢুকে দরজা বন্ধ করে সিলিং ফ্যানের সঙ্গে ওড়না দিয়ে ফাঁস লাগিয়ে আত্মহত্যা করে।

বর্তমান সময়ে আমরা লক্ষ্য করছি যে, রাষ্ট্রায় চলাচলের পথে কিশোরী, তরুণীরা যৌন সহিংসতাসহ বিভিন্ন ধরনের সহিংসতার শিকারসহ তাদের পড়ালেখা করা বন্ধ হওয়ার উপক্রম হচ্ছে এবং কখনো কখনো নির্যাতন শিকার স্কুল-কলেজ-বিশ্ববিদ্যালয়ের ছাত্রীরা আত্মহত্যা করতে বাধ্য হচ্ছে। সেইসাথে নারী ও কন্যার জীবনের নিরাপত্তা চরমভাবে ব্যাহত হচ্ছে এবং তাদের স্বাধীন চলাচল ও জীবনধারণ বিঘ্নিত হয়ে পড়ছে।

বাংলাদেশ মহিলা পরিষদ ছাত্রীদের চলাচলের নিরাপত্তা নিশ্চিতকরণের লক্ষ্যে কার্যকর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানাচ্ছে। সেই সাথে যৌন নিপীড়ন, উত্ত্যক্তকরণ বন্ধে মহামান্য হাইকোর্ট রায়ের আলোকে যৌন নিপীড়ন নিরোধ গঠন ও কার্যকর করার বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জোর দাবি জানাচ্ছে।

বাংলাদেশ মহিলা পরিষদ বখাটে আশিক হোসেন কর্তৃক কলেজছাত্রীকে জোরপূর্বক তুলে নিয়ে নির্মমভাবে মারধর করে আহত করায় ওই কলেজছাত্রী লজ্জায় ও ঘৃণায় আত্মহত্যার ঘটনায় গভীর উদ্বেগ প্রকাশ করছে। সুষ্ঠু ও নিরপেক্ষ তদন্ত সাপেক্ষে ঘটনার সাথে জড়িতকে দ্রুত গ্রেফতারসহ যথাযথ শাস্তির লক্ষ্যে দ্রুত বিচারের দাবি জানাচ্ছে।

বিতিতে স্বাক্ষর করেন-

ডা. ফওজিয়া মোসলেম

সভাপতি

বাংলাদেশ মহিলা পরিষদ

মালেকা বানু

সাধারণ সম্পাদক

বাংলাদেশ মহিলা পরিষদ